**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 05-01-2026** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন নিয়ে মুখ্যমন্ত্রীর যাবতীয় অভিযোগ কল্পনা প্রসূত বলে বিজেপি দাবি করেছে।

২) দক্ষিণ ২৪ পরগনার মগরাহাটে নির্বাচন কমিশন নিযুক্ত পর্যবেক্ষক সি মুরুগানকে ঘিরে বিক্ষোভ ও সরকারী কাজে বাধাদানের ঘটনায় রাজ্য পুলিশের ডিজির কাছে বিস্তারিত রিপোর্ট তলব করেছে কমিশন।

৩) রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের উদ্যোগে জাতীয় স্তোত্র বন্দে মাতরম এর দেড়শো বছর পূর্তি উপলক্ষে দুদিনের কর্মসূচির আজ সূচনা হয়েছে।

৪) উত্তুরের হাওয়ার দাপটে গোটা রাজ্যে কনকনে ঠান্ডা। কলকাতায় আজ দিনের তাপমাত্রার পারদও অনেকটাই নেমেছে।

৫) বিজয়হাজারে ট্রফি ক্রিকেট ম্যাচে বাংলা আগামীকাল হায়দ্রাবাদের মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এসআইআর প্রক্রিয়ায় ত্রুটি বিচ্যুতির সংশোধন না করলে এই প্রক্রিয়া বন্ধ করার দাবি জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নির্বাচন কমিশনকে যে চিঠি দিয়েছেন, তার পাল্টা হিসাবে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি দিয়েছেন। বিরোধী দলনেতা লিখেছেন, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন নিয়ে মুখ্যমন্ত্রীর যাবতীয় অভিযোগ কল্পনা প্রসূত। এসাইআর নিয়ে ভীত হয়েই একের পর এক মিথ্যা অভিযোগ তুলেছেন মুখ্যমন্ত্রী। প্রকৃতপক্ষে এই প্রক্রিয়ার ফলে ভুয়ো, মৃত এবং অবৈধ ভোটার ধরা পড়েছে। চিহ্নিত হয়েছে অনুপ্রবেশকারীরা। এর প্রভাব পড়বে তৃণমূল কংগ্রেসের ভোট বাক্সে। বছরের পর বছর নির্বাচনে কারচুপি করে আসছে রাজ্যের শাসকদল। আগামী নির্বাচনে ভোট ব্যাঙ্কে ভাটা পড়ার আশঙ্কা থেকেই মুখ্যমন্ত্রী একের পর এক অসত্য বাখ্যা দিয়ে চলেছেন বলে চিঠিতে শ্রী অধিকারী উল্লেখ করেছেন।

এসআইআর প্রক্রিয়ায় প্রস্তুতির অভাব নিয়ে মুখ্যমন্ত্রীর অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, গোটা দেশে আলোচনা এবং প্রশিক্ষণের পরেই এই প্রক্রিয়া চালু হয়েছে। রাজ্যের ৫০ হাজার বিএলও এবং ইআরও-কে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। হোয়াটসঅ্যাপে নির্বাচন কমিশনের নির্দেশ দেওয়া প্রসঙ্গে মুখ্যমন্ত্রীর আপত্তি নিয়ে শুভেন্দু বাবু বলেন, ডিজিটাল মাধ্যমকে ব্যবহার করে নির্দেশ দেওয়ার চল রয়েছে। তাই এর মধ্যে অন্যায়ের কিছু নেই।

এদিকে, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যও, এসআইআর প্রক্রিয়া নিয়ে মুখ্য নির্বাচন কমিশনারকে লেখা মুখ্যমন্ত্রীর চিঠিকে নিতান্তই অমূলক বলে মন্তব্য করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেন, এসআইআর-এর প্রকৃত উদ্দেশ্য নাগরিকদের ভোটাধিকার রক্ষা করা। শ্রী ভট্টাচার্য্য অভিযোগ করেন, রাজ্যে দীর্ঘদিন ধরে ভোটার তালিকায় ভুয়ো এবং অযোগ্য ব্যক্তিদের নাম অন্তর্ভুক্ত করার অভিযোগ উঠছে।

স্বচ্ছ এবং সুষ্ঠু নির্বাচন পরিচালনার জন্যই এসআইআর-এর প্রয়োজন বলে তাঁর অভিমত।

উল্লেখ্য, এসআইআর প্রক্রিয়া পরিকল্পনাহীন, ত্রুটিপূর্ণ ও প্রশাসনিক গাফিলতিতে ভরা বলে অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গত শনিবার নির্বাচন কমিশনকে চিঠি দেন। দীর্ঘ চার পাতার ঐ চিঠিতে তিনি বেশ কিছু বিষয় উল্লেখ করে তা' অবিলম্বে সংশোধনের জন্য'ও বলেন। তিনি জানান, এসআইআর নিয়ে খুব শীঘ্রই শীর্ষ আদালতের দ্বারস্থ হবেন।

এদিকে, প্রদেশ কংগ্রেস মুখ্যপাত্র সৌম আইচ রায়, অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেস এবং বিজেপি – উভয়ই এস আই আর নিয়ে মানুষজনকে আতঙ্কগ্রস্ত করে তুলেছেন। তিনি বলেন, চলতি প্রক্রিয়া নিয়ে মুখ্যমন্ত্রীর আপত্তি থাকলে, তাঁর আদালতে দ্বারস্থ হওয়া উচিত।

oooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণার মগরাহাটে নির্বাচন কমিশন নিযুক্ত পর্যবেক্ষক সি মুরুগানের গাড়ি ঘিরে বিক্ষোভ এবং সরকারি কাজে বাধা দানের ঘটনায় রাজ্য পুলিশের DG-র কাছে বিস্তারিত রিপোর্ট তলব করেছে কমিশন। রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমারকে আগামীকাল বিকেল পাঁচটার মধ্যে ঘটনার পূর্ণাঙ্গ রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। পুলিশকে, রোল অবজার্ভারের সফর সূচী আগাম জানানো সত্ত্বেও কেন তিনি পর্যাপ্ত নিরাপত্তা পেলেন না, সেই প্রশ্নের উত্তর চাওয়া হয়েছে।

একইসঙ্গে নির্বাচন কমিশন জানিয়েছে, আগামী দিনে যেসব সংবেদনশীল এলাকায় বিশেষ পর্যবেক্ষক বা পর্যবেক্ষকরা পরিদর্শনে যাবেন, সেখানে পর্যাপ্ত পুলিশি নিরাপত্তার বন্দোবস্ত রাখতে হবে। থাকতে হবে একজন উচ্চপদস্থ পুলিশ আধিকারিককে।

oooooooooooooooooooooo

নির্বাচন কমিশন , তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মঞ্চে স্থান পাওয়া এস আই আর প্রক্রিয়ায় মৃত বলে চিহ্নিত তিন

ভোটার সম্পর্কে নিজের অবস্থান স্পষ্ট করেছে। ওই ঘটনার পরেই রিপোর্ট তলব করেছিল  কমিশন।  নির্বাচন কমিশনের কাছে গতকাল সেই রিপোর্ট জমা পড়ে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, তিন জনের মধ্যে দু'জনের ক্ষেত্রে অনিচ্ছাকৃত ভুলের কথা স্বীকার করেছেন সংশ্লিষ্ট বুথ লেভেল অফিসার বি এল ও। সেই অনুযায়ী রিপোর্ট পাঠিয়েছেন সংশ্লিষ্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার ই আর ও। তৃতীয় জনের ক্ষেত্রে বিষয়টিকে হিউম্যান এরর  হিসেবেই চিহ্নিত করা হয়েছে।

উল্লেখ্য, তিন  'মৃত ভোটার' হিসেবে যাঁদের নাম উঠে আসে, তাঁরা হলেন মনিরুল মোল্লা, হরেকৃষ্ণ গিরি এবং মায়া দাস। মনিরুল ও হরেকৃষ্ণের বাড়ি মেটিয়াবুরুজে, এবং মায়া দাসের কাকদ্বীপে। কমিশন সূত্রের দাবি, এই ঘটনার পর সংশ্লিষ্ট নথিপত্র ও প্রক্রিয়া খতিয়ে দেখা হয়েছে এবং প্রয়োজনীয়  পদক্ষেপ নেওয়া হয়েছে।

ooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দক্ষিণ ২৪ পরগণার মুরিগঙ্গা নদীর ওপর গঙ্গাসাগর সেতুর শিলান্যাস করেছেন। সাড়ে ৪ কিলোমিটারের বেশি দীর্ঘ চার লেনের এই সেতু নির্মাণে আনুমানিক খরচ ধরা হয়েছে প্রায় ১৭০০ কোটি টাকা। গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে আজ সেখানে যায় মুখ্যমন্ত্রী। তিনি বলেন, গঙ্গাসাগর সেতু তৈরির কাজ শেষ হলে সারা বিশ্বের মানুষ ও পূণ্যার্থীদের সাগর ভ্রমণ সহজতর হবে। অনুষ্ঠান মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী একাধিক উন্নয়নমূলক প্রকল্পের সূচনা ও শিলান্যাস করেন।

এদিকে, গঙ্গাসাগর সেতুর শিলান্যাসকে বিজেপি নির্বাচনী চমক বলে দাবি করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, সেতু নির্মাণের জন্য কেন্দ্রের কাছ থেকে নো অবজেকশন সার্টিফিকেট বা এনওসি নেওয়া বাধ্যতামূলক। কিন্তু রাজ্য সরকারের পক্ষ থেকে এজন্য কোনো আবেদন করা হয়নি।

ooooooooooooooooooooooo

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের উদ্যোগে জাতীয় স্তোত্র বন্দে মাতরম এর দেড়শো বছর পূর্তি উপলক্ষে দুদিনের কর্মসূচির আজ সূচনা হয়েছে। দুপুরে বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়ের পৈতৃক ভিটে নৈহাটি ও চুঁচুড়া বঙ্কিম ভবন এবং প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় থেকে তিনটি বাইক মিছিল রওনা হয়ে জোড়াসাঁকো ঠাকুর বাড়িতে পৌঁছালে সেখানে রাজ্যপাল তাঁদের স্বাগত জানান। সেখানে তিনি অখণ্ড জ্যোতি প্রজ্বলন করেন।

সন্ধ্যায় ভারতীয় জাদুঘর থেকে ভিক্টোরিয়া মেমোরিয়াল পর্যন্ত এক বর্ণাঢ্য পদযাত্রার আয়োজন করা হয়। মিছিলের পুরোভাগে ছিলেন রাজ্যপাল। সেখানে প্রখ্যাত শিল্পীদের নিয়ে একটি সংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

এতে উপস্থিত আছেন বিশিষ্ট সঙ্গীত শিল্পী কৈলাশ খের। রাজ্যপাল তাঁকে গর্ভনর অ্যাওয়ার্ডস অফ এক্সেলেন্সে ভূষিত করেন। রাজ্যপাল বন্দে ভিরাসত শীর্ষক ভাষণ দেবেন । আগামীকালও কর্মসূচি চলবে।

oooooooooooooooooo

২০২৫ সাল শুধুমাত্র একটি বছরই ছিল না। এই বছরটি বিশ্বমঞ্চে ভারতের উত্থানের একটি গুরুত্বপূর্ণ সময়কাল ছিল।

একটি প্রতিবেদন -

(ভিসি কাশফিন)

ooooooooooooooooooooo

উত্তুরের হাওয়ার দাপটে গোটা রাজ্যে কনকনে ঠান্ডা। কলকাতায় আজ দিনের তাপমাত্রার পারদও অনেকটাই নেমেছে। আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৮ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস, স্বভাবিকের তুলনায় যা প্রায় ৭ ডিগ্রী কম, চলতি মরশুমে এই নিয়ে দ্বিতীয়বার সর্বোচ্চ তাপমাত্রা এতোটা নীচে নামলো। এর আগে গত ২৯-শে ডিসেম্বর সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড কর হয় ১৮ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৭ দশমিক ২ ডিগ্রী কম।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের  তুলনায় যা প্রায় ২ ডিগ্রী কম।

দার্জিলিং পাহাড়ী এলাকায় আজ সকালে তাপমাত্রা নেমে যায় এক ডিগ্রী সেলসিয়াসে, যা ওই এলাকায় এই মরশুমের সব থেকে কম। রাজ্যে আজ মরশুমের প্রথম তুষারপাত হয়েছে সান্দাকফু ও ফালুট এলাকায়।

আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, সারা রাজ্যেই আগামী দু'দিনে তাপমাত্রা আরও ১ থেকে ২ ডিগ্রি কমতে পারে। আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানালেন।

(বাইট – হাবিবুর)

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজকোটের সৌরাষ্ট্র ক্রিকেট ম্যাচে বাংলা আগামীকাল হায়দ্রাবাদের মুখোমুখি হবে।

রাজকোটের সৌরাষ্ট্র ক্রিকেট অ্যাসোসিয়েশন স্টেডিয়ামে খেলা শুরু হবে সকাল নয়টায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির ন্যাজাটে জমি দখলের একটি মামলায় অভিযুক্তকে গ্রেপ্তার করতে গিয়ে স্থানীয়দের হাতে পুলিশের আক্রান্ত হওয়ার ঘটনায় গতকাল যে তিনজনকে গ্রেফতার করা হয়েছিল, তাদের আজ ৮ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে বসিরহাট আদালত।

পলাতক মুসা মোল্লার ছোট ভাই মোর্তাজা মোল্লা ও তাঁর দুই ছেলেকে জীবনতলা থেকে পাকড়াও করে পুলিশ। এই নিয়ে ঐ ঘটনায় গ্রেফতারির সংখ্যা বেড়ে হলো ১২।

তবে, মূল অভিযুক্ত মুসা মোল্লা এখনও পলাতক।

০০০০০০০০০০০০০০০০০০০০০০